যুগান্তর

13 FEB 2015

# মেডিকেলে ভর্তিতে ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা বহাল

যুগান্তর রিপোর্ট

দেশের সব মেডিকেল কলেজে ভর্তির ক্ষেত্রে ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা নির্ধারণ করে হাইকোর্টের দেয়া রায় বহাল রেখেছেন আপিল বিভাগ। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের করা লিভ টু আপিল খারিজ করে বৃহস্পতিবার প্রধান বিচারপতি এসকে সিনহার নেতৃত্বাধীন বেঞ্চ এ আদেশ দেন।

তবে আপিল বিভাগের রায় পুনর্বিবেচনার (রিভিউর) আবেদন জানানো হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদফতরের পরিচালক অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান। তিনি যুগান্তরকে বলেন, 'একজন ব্যক্তি তার মেয়েকে ভর্তি করতে না পেরে মুক্তিযোদ্ধা হিসেবে ৫ শতাংশ কোটার জন্য একটি রিট করেন। আপাতত মামলার রায় তার পক্ষে গেলেও টেকনিক্যাল এডুকেশন হিসেবে মেডিকেল এডুকেশনের নিজস্বতা নষ্ট করতে দেয়া যাবে না। তাই আমরা সরকারের পক্ষ থেকে এ রায়ের বিরুদ্ধে রিভিউ করার প্রস্তুতি নিচ্ছি। ইতিমধ্যে

বহাল : পৃষ্ঠা ৭ : কলাম ৬

## বহাল : মুক্তিযোদ্ধা কোটা

(৩য় পৃষ্ঠার পর)

এ বিষয়ে অ্যাটর্নি জেনারেলের সঙ্গে আলোচনা হয়েছে।' আদালতে মুক্তিযোদ্ধা কোটার পক্ষের আইনজীবী সাবেক বিচারপতি সিকদার মকবুল হক যুগান্তরকে বলেন, 'মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৫ শতাংশ কোটা রাখতে হবে। কিন্তু মেডিকেলে ভর্তির ক্ষেত্রে সেটা অনুসরণ করা হয়নি। এ ক্ষেত্রে ২ শতাংশ হারে কোটা রাখা হয়। এই দুই শতাংশও ভালোভাবে আনুসরণ করা হয়নি গত ২০১৩-১৪ সেশনে ভর্তির ক্ষেত্রে।

এ অবস্থায় মেডিকেলে ভর্তিচ্ছু একজন প্রার্থীর বাবা মুক্তিযোদ্ধা দেলোয়ার হোসেন বাদী হয়ে হাইকোর্টে রিট করেন। হাইকোর্ট শুনানি গ্রহণ করে গত বছরের ৬ মার্চ মেডিকেল কলেজে ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৫ শতাংশ কোটা রাখার আদেশ দিয়ে রায় ঘোষণা করেন। এরপর রাষ্ট্রপক্ষ এ রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল করলে আপিল বিভাগ হাইকোর্টের রায়ের কার্যকরিতা স্থগিত করেন। বৃহস্পতিবার লিভ টু আপিলের ওপর শুনানি নিয়ে আপিল বিভাগ তা খারিজ করে দেন। এ রায়ের ফলে মেডিকেলে ভর্তিতে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৫ শতাংশ কোটা রাখার ক্ষেত্রে আর কোনো বাঁধা রইল না।'